

## মাঠ পর্যায়ের কার্যক্রম এর ই-মনিটরিং ছক এর রিপোর্ট

ই- মনিটরিং এর তারিখ

: ১২/০৮/২০২৩ খ্রি।

ই-মনিটরিং এ অংশগ্রহণকারী কর্মকর্তার নাম ও পদবী

: মোসাঃ ফেরদৌসী বেগম

যুগ্মসচিব (বাজেট ও অডিট)

ই-মনিটরিং এ অংশগ্রহণকৃত অফিস/ প্রকল্প/ কর্মসূচি/ কার্যক্রম

: “বায়োফ্লক প্রযুক্তিতে মৎস্য চাষ, উন্নত জাতের গাভী পালন প্রশিক্ষণ এবং সচেতনতা বৃদ্ধির মাধ্যমে পল্লী অঞ্চলের অস্বচ্ছল নারীদের আর্থিক স্বচ্ছলতা আনয়ন” কর্মসূচি

মনিটরিং এ অংশগ্রহণকৃত অফিস/প্রকল্প/কর্মসূচি/কার্যক্রম এর দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তার নাম ও পদবী

: মোঃ নাজমুল হাসান, কিশোর কুমার সরকার, প্রশিক্ষক।

ই-মনিটরিং এ পরিদর্শনকৃত/পরিলক্ষিত বিষয়সমূহ

: বায়োফ্লক প্রযুক্তিতে মৎস্য চাষ, উন্নত জাতের গাভী পালন প্রশিক্ষণ।

অদ্য ১২/০৮/২০২৩ তারিখ বেলা ১১.৩০ ঘটিকায় ঝিনাইদহ জেলা, হরিনাকুন্ড উপজেলার চাঁদপুর জোয়াঃ পাড়া উপানুষ্ঠানিক প্রাথমিক বিদ্যালয়, প্রশিক্ষণ কেন্দ্রে ই-মনিটরিং করি। ই-মনিটরিং এ ২৫ জন প্রশিক্ষণার্থী, ২জন প্রশিক্ষক ও ১জন সমন্বয়কারী এবং স্থানীয় মহিলা মেষ্঵ার মোছাঃ সাবিনা ইয়াসমিনসহ মোট ২৮জন উপস্থিত ছিলেন। বায়োফ্লক প্রযুক্তিতে মৎস্য চাষ, উন্নত জাতের গাভী পালন প্রশিক্ষণের ৭ম দিনের মধ্যে ৫ম দিনের ক্লাস চলছে। প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণ শেষে মৎস্য চাষ ও গবাদি পশুপালন এবং মহিলা বিষয়ক অধিদপ্তর হতে খুঁত নিয়ে উদ্যোগী হওয়ার জন্য অনুরোধ করা হয়। প্রশিক্ষণার্থী তাসলিমা আকতার এর সাথে কথা বলে জানা যায় বায়োফ্লক প্রযুক্তিতে মৎস্য চাষ, উন্নত জাতের গাভী পালন প্রশিক্ষণ যথাযথভাবে গ্রহণ করেছে এবং প্রশিক্ষণে অংশগ্রহণ করতে পেরে আনন্দিত।

### সুপারিশ মন্তব্য:

- ১। সঠিকভাবে প্রশিক্ষণ প্রদানের সুপারিশ করা হয়।
- ২। হাজিরা খাতা সংরক্ষণের সুপারিশ করা হয়।
- ৩। প্রশিক্ষণার্থীদের নাস্তা যথাযথভাবে বিতরণ করার সুপারিশ করা হয়।
- ৪। প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণ ভাতা যথাযথভাবে প্রদানের সুপারিশ করা হয়।
- ৫। জাতীয় পরিচয়পত্র ও মোবাইল নম্বর সম্বলিত ডাটাবেইজ করার সুপারিশ করা হয়।
- ৬। আর্থিক বিধিবিধান অনুসরণ পূর্বক কর্মসূচির অনুকূলে বরাদ্দকৃত অর্থ ব্যয় করার জন্য কর্মসূচি পরিচালক ও বাস্তবায়নকারী সংস্থাকে অনুরোধ করা হয়।

(১২)

১২/৮/২৩

মোসাঃ ফেরদৌসী বেগম

যুগ্মসচিব (বাজেট ও অডিট)

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার